

# শিক্ষা প্রতিষ্ঠানে রোভার ও স্কাউট বাধ্যতামূলক

## ■ সমকাল প্রতিবেদক

সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে রোভার ও স্কাউট দল গঠন বাধ্যতামূলক করা হয়েছে। সরকারি ও বেসরকারি পর্যায়ের নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় এবং সমমানের মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে শিক্ষাবর্ষের শুরুতেই এ জন্য নির্দিষ্ট পরিমাণ অর্থ আদায় করতে হবে। এর মধ্যে স্কাউটিংয়ের জন্য মাথাপিছু ২৬ টাকা ও রোভারের জন্য ১৬ টাকা নির্ধারণ করে দেওয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ স্কাউটস ও গার্ল গাইডস অ্যাসোসিয়েশন সারাদেশে 'রোভার ও স্কাউটিং' কর্মসূচি বাস্তবায়ন করবে।



এ সংক্রান্ত একটি পরিপত্র গতকাল সোমবার জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। রোভার ও স্কাউট-সংক্রান্ত এর আগে জারি করা সব আদেশ বাতিল ঘোষণা করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন পরিপত্রে সই করেন।

এ বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন বলেন, 'স্কাউটিং/গার্ল ইন স্কাউটিং ও গার্ল গাইডিং এবং রোভারিং/গার্ল ইন রোভারিং ও রেজারিং কার্যক্রমের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।' জনস্বার্থে জারি করা এ আদেশ দ্রুত বাস্তবায়ন করা হবে বলেও পরিপত্রে

■ পৃষ্ঠা ৪ : কলাম ৬

## শিক্ষা প্রতিষ্ঠানে

[১৯ পৃষ্ঠার পর]  
জানানো হয়েছে। এতে বলা হয়, সহশিক্ষা চালু আছে মাধ্যমিক পর্যায়ের এমন নিম্ন ও মাধ্যমিক বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ও সমমানের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে ছাত্রদের জন্য অন্তত একটি স্কাউট দল/রোভার স্কাউট দল, ছাত্রীদের জন্য একটি গার্ল ইন স্কাউট দল/রোভার স্কাউট দল এবং একটি গার্ল গাইড/রেজার দল গঠন করে বাংলাদেশ স্কাউটসের গঠন ও নিয়ম বিধি অনুযায়ী পরিচালনা করতে হবে। পরিপত্রে বলা হয়, প্রত্যেক শিক্ষার্থীকে সেশনের শুরুতে আবশ্যিকভাবে মাথাপিছু ২৬ টাকা হারে স্কাউট/গার্ল ইন স্কাউট ও গার্ল গাইডের ফি দিতে হবে। সব শিক্ষার্থীর কাছ থেকে রোভার/গার্ল ইন রোভার ফি বাবদ মাথাপিছু ১৬ টাকা এবং রেজার ফি ১০ টাকা বছরের শুরুতেই সেশন চার্জের সঙ্গে আবশ্যিকভাবে আদায় করতে হবে।

ব্যাংক	
পরিচালকের কার্যপত্র	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
ঠিকানা	
উপস্থাপিত	
স্বাক্ষর	
তারিখ	
স্বাক্ষর	